গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বড়লেখা, মৌলভীবাজার
(www.barlekha.moulvibazar.gov.bd)

স্মারক নং-০৫.৪৬.৫৮১৪.০০০.০৮.০২১.২৪-৬৭৪

তারিখ: ২১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

**সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর আলোকে অনূর্ধ্ব ২০(বিশ) একর বদ্ধ জলমহাল ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে সাধারণ আবেদন আহবান বিজ্ঞপ্তি নম্বর-০২/১৪৩৩-১৪৩৫**

একমাত্র ভূমি মন্ত্রণালয়ের ২০/১১/২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বড়লেখা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থাপনাধীন ২০ একর পর্যন্ত নিম্নবর্ণিত জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩৩ বাংলা সনের দখল প্রদানের তারিখ হতে ১৪৩৫ বাংলা সনের ৩০শে চৈত্র অর্থাৎ আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদ পর্যন্ত সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী এবং বর্ণিত পদ্ধতি ও শর্তাধীনে মুখবন্ধ খামে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:**

| আবেদনপত্র ক্রয়ের সময় | আবেদনপত্র মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমাদানের তারিখ | দাখিলকৃত মুখবন্ধ খাম খোলার তারিখ |
|---|---|---|
| ১২/০৭/২০২৬ হতে ২০/০৭/২০২৬ খ্রি. পর্যন্ত | ২১/০৭/২০২৬ হতে ২৭/০৭/২০২৬ খ্রি. দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৭/০৭/২০২৬ দুপুর ২.০০ ঘটিকা |

**১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা/বন্দোবস্তযোগ্য বদ্ধ জলমহালের তালিকা**

| ক্র. নং | জলমহালের নাম | তফসিল | | | বিগত ০৩ বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে ধার্যকৃত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং | পরিমাণ (একরে) | | | |
| ১) | খাইর ১ম ও ২য় খণ্ড ডুপ বন্ধ | হাকালুকি | ১৬,১৪০ | ১০.১১ | ১০,১১৮/- | ১১,৫৫৮/- | - |
| ২) | হিংকুড়ি বিল | মুর্শিবাদকুরা | ৪১৮/৭৬৯, ২৭৫৯ | ১.৮২ | ৪,২৪৩/- | ৪,৪৫৫/- | - |
| ৩) | লম্বা বিল ও চাপের বিল | সংকরপুর | ৫৫৫ | ১.৭২ | ১,৪৫৮/- | ১,৫২০/- | - |
| ৪) | বালিছড়া খাল | মাইজগ্রাম | ৫১১, ৫২০, ৫১৫, ৫৯৬, ৫৪৯, ৫৫০, ৫৫৭ | ৪.২১ | ৯,৯৬৮/- | ১০,৪৬৬/- | - |
| ৫) | হুকুম খালি | বর্নি | ৪১৫০, ৪২২৭, ৪৮১২ | ৭.১৪ | ৪,৩৬৮/- | ৪,৬১১/- | - |
| ৬) | কাটার কাটানি বিল | বর্নদেহী | ৮৫, ৮৫৯, ১০৮৯, ৮৬০, ৮০৩ | ১.২০ | ৩,২১৩/- | ৩,৩৭৪/- | - |
| ৭) | মরাসুনাই ২য় খণ্ড | পাতিলাকোনা | ৬৫১, ৬৬৯, ৬৬৪, ৬২১, ৬১৫, ৬৮০ | ৫.৭৭ | ৬,১২৭/- | ৬,৪৩৪/- | - |
| | | পুর্বা নিশ | ২০০৩ | ১.৮২ | | | |
| | | পানিসাওয়া | ৪৫৯, ১ | ৭.৫০ | | | |
| | | উজিরপুর | ১০৭৩ | ৩.০০ | | | |
| ৮) | মরাসুনাই ৩য় খণ্ড | পানিসাওয়া | ১, ৬২৯ | ২.৩৮ | ৭,৫২৪/- | ৭,৯০০/- | |
| | | উজিরপুর | ১৫৭৩, ১০১১, ১৫২৫ | ৬.৭৫ | | | |
| | | পাহিরকুঠি | ৫১৭, ৫৬১ | ৭.৭৩ | | | |
| ৯) | জামদিহ বিল (খণ্ড) | পানিসাওয়া | ৬০০/৭৮৬, ৬১০/৭১৬, ৫১৯, ৬১৪/৭২৮, ৫১১/৭৮৯, ৫১৭/৭২১, ৬৮০/৭৯০ | ১.৪৮ | ৮,৭১৮/- | ৯,১৫৪/- | - |
| ১০) | লোহালের কোনা বাওর বিল ও কাদের কোনা | মুর্শিবাদকুরা ও অজার হাওর | ২৭৫৯, ৮৮, ৯৪ | ৬.৫৭ | ৯,৮৬১/- | ৯,৯৬৪/- | - |
| ১১) | কাদেলিয়া বিল | কেরাকুড়ি | ৫১৮, ১১৭৪ | ০.৯০ | ৪,১১৪/- | ৪,৪০৩/- | মামলা |
| ১২) | ফাটার ডুবি | অজার হাওর | ৬২২০ | ২.৭২ | ১১,৪৫৬/- | ১২,০২৯/- | - |
| ১৩) | পাগলার বান্দ | কেছরিগুল-১১৫ | ২৫২৬ | ২.৪০ | ৭,০২২/- | ৭,৬৬২/- | - |
| ১৪) | মরাসুনাই (খণ্ড) | - | - | - | ৫,২৫০/- | ৫,৫১৩/- | - |

**<u>আবেদনের পদ্ধতি ও শর্তাবলী</u>**

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে মুখবন্ধ খামে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে। বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়সূচী অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা অথবা উপজেলা ভূমি অফিস,

বড়লেখা হতে উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (যে কোনো তফসিলি ব্যাংক হতে) দাখিল সাপেক্ষে আবেদন ফরম ক্রয় করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের মূলকপি এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্যাবলী ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ০৩(তিন) বৎসর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে । কোন আবেদন অসম্পূর্ণ হলে তা বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সকল তথ্য/অংক স্পষ্টভাবে লিখতে হবে, কোন কাটাকাটি, ঘষা-মাজা গ্রহণ করা হবে না।

৩. প্রকৃত মৎস্যজীবীদের নিবন্ধিত সমবায় সমিতি সরকারি জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারী সমিতিতে যদি কোন অমৎস্যজীবি সদস্য থাকেন তবে সে সমিতি কোন সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালসমূহের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে নীতিমালা অনুযায়ী অগ্রাধিকার পাবে।

৪. কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতির সদস্যগণ জলমহাল ইজারা বন্দোবস্ত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।

৫. জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ উপজেলা সমাজসেবা কর্মকর্তা অথবা যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে আবেদনকারী সমিতির কার্যকারিতা কিংবা সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে দলিলপত্র/ তথ্যাদি দাখিল/ সংযুক্ত প্রত্যয়নপত্রসহ ২(দুই) বছরের অডিট প্রতিবেদন দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/ সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৬. আবেদনকারী সমিতিকে প্রার্থিত জলমহালের বিগত ০৩(তিন) বছরের গড় ইজারামূল্যের উপর ৫% বর্ধিত হারে মূল্য উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে।

৭. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের মধ্যে জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে কোন প্রকার জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

৮. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে আবেদনকারীকে তার আবেদনের সাথে পে-অর্ডারের কপি অন্যান্য কাগজপত্রের সহিত নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই টেন্ডার বাক্সে জমা প্রদান করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৯. সময়মত লীজমানি পরিশোধ না করা, কোন তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

১০. লীজ প্রদানকৃত জলমহালসমূহ সময়ে সময়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সরেজমিন পরিদর্শন করা হবে এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনগত/বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/ সমিতি লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। এক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। বাতিলকৃত লীজ গ্রহীতা মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন পরবর্তী ০৩ (তিন) বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১২. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না। জলমহাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণের পূর্বে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে আবেদন ফরম দাখিল করতে হবে। যখনই ইজারা চূড়ান্ত করা হোক না কেন তা ১লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ সন হতে কার্যকর বলে গণ্য হবে। ইজারা বিষয়ে সকল রকমের তথ্য অর্থাৎ জলমহালের পূর্ববর্তী বছরের ইজারামূল্য, আয়তন ও অবস্থান ইত্যাদি অফিস চলাকালে জানা যাবে। ইজারা গ্রহণের পর জলমহাল ভরাট হয়ে গিয়েছে অথবা অন্য কোন কারণে ইজারাদার ক্ষতিগ্রস্থ এরূপ ওজর/ আপত্তি গ্রহণ করা হবে না। ।

১৩. ইজারা প্রদত্ত জলমহালের ইজারা চুক্তির কোন শর্ত লঙ্ঘিত হচ্ছে কিনা তা মৎস্য আইন, প্রযোজ্য অন্য কোন আইনের আওতায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে সংশ্লিষ্ট ইজারাদার বা সংগঠনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/ অধিকার/ স্বত্ব থাকবে না।

১৫. আবেদন ফরমের সাথে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির রেজিস্ট্রেশন এবং মূসক নিবন্ধন সার্টিফিকেট "মূসক-৮" এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

CamScanner

১৬. আবেদন ফরমের সাথে প্রকৃত মৎস্যজীবী, মাছচাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এবং অঙ্গীকারনামা ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে সংযুক্ত করতে হবে।

১৭. বন্দোবস্তকৃত/ ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশে স্থায়ী/ অস্থায়ী বাঁধ/ প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যার কারণে প্রযোজ্য বিধি-বিধান কিংবা আইন লঙ্ঘিত হয়।

১৮. যে সকল জলমহালসমূহ থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ ইজারা দেয়া হবে, সেখান থেকে মৎস্যচাষে ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১৯. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয়, সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয় রূপ নেয়, তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে।

২০. বদ্ধ বা উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। জলাশয়ের ইজারা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দের জন্য মেয়াদি ইজারা কোন অবস্থায় ইজারা মেয়াদ বর্ধিত করা হবে না। প্রথম বছর ব্যতীত ইজারাকৃত জলাশয়ের পরবর্তী বছরের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ ফাল্গুনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায়, কোন নোটিশ ছাড়াই স্বয়ংক্রিয়ভাবে ইজারা বন্দোবস্ত বাতিল বলে গন্য হবে এবং বিধি মোতাবেক সমিতির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। এজন্য জলমহালটি এ সময়ে ইজারা প্রদান করা না গেলে ইজারাদার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

২১. ইজারাদারকে বিধিমতে ইজারামূল্যের সাথে সরকার নির্ধারিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য, ভ্যাট ও আয়কর জমা দিয়ে ইজারাদার সমিতির সভাপতি/ মনোনীত প্রতিনিধি স্ব-উদ্যোগে কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। চুক্তিপত্র সম্পাদন ব্যতিরেকে কোন অবস্থাতেই কোন জলমহালের দখল হস্তান্তর করা যাবে না। এ ব্যাপারে কর্তৃপক্ষের উপর কোন দায় বর্তাবে না। চুক্তিপত্র সম্পাদন না করলে ইজারা বাতিল করা হবে।

২২. ইজারাগ্রহীতাকে ইজারা চুক্তির শর্তাবলী এবং জলমহাল ও সরকার কর্তৃক আরোপিত নির্দেশনাবলী মেনে চলতে হবে। ইজারা চুক্তি লঙ্ঘন বা নির্দেশনা অমান্যের জন্য ইজারা বাতিল বলে গন্য হবে। ইজারা গ্রহীতা অন্য কোন ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট সাব-লীজ দিতে পারবেন না। সাব-লীজ দিলে ইজারা বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে। পরিবেশ বান্ধব হিজল করচ গাছ লাগাতে হবে।

২৪. লীজ গ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। কেউ যাতে সংশ্লিষ্ট জলমহালের অনুপ্রবেশ বা বেআইনীভাবে দখল বা আকার আকৃতির পরিবর্তন না করে তা নিশ্চিত করবেন।

২৫. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ নিষেধ বন্দোবস্ত গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণে (প্রযোজ্য ক্ষেত্রে) ফাইল পদ্ধতি অনুসরণ করতে হবে।

২৬. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য আদেশ/ আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২৭. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত/ অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং জলমহাল ইজারা পাওয়ার জন্য অন্যান্য সকল শর্তাদি উপজেলা ওয়েবপোর্টাল www.barlekha.moulvibazar.gov.bd এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা, মৌলভীবাজার এর নোটিশ বোর্ড ও উপজেলা ভূমি অফিস, বড়লেখা, মৌলভীবাজার হতে জানা যাবে।

২৯. জলমহালের বিষয়ে মহামান্য সুপ্রিমকোর্ট/ বিজ্ঞ দেওয়ানী আদালত/ ভূমি আপীল বোর্ড/ বিজ্ঞ রাজস্ব আদালত কিংবা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা/ নিবারণমূলক আদেশ থাকলে, সেক্ষেত্রে ইজারা কার্যক্রম উক্ত স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা/ নিবারণমূলক আদেশ প্রত্যাহার/ নিষ্পত্তির পর পরিচালিত হবে।

(মাহবুব আলম মাহবুব)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বড়লেখা, মৌলভীবাজার
মোবাইল: ০১৭৩০-৩৩১০৭৬
ই-মেইল : unobaralekha@mopa.gov.bd

CamScanner

স্মারক নং-০৫.৪৬.৫৮১৪.০০০.০৮.০২১.২৪- ৬৭৪

তারিখ: ২১ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য:

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৫, মৌলভীবাজার-১
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার

বিতরণ: অবগতি ও বহুল প্রচারের জন্য

০১। উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া/কমলগঞ্জ/রাজনগর/জুড়ী/শ্রীমঙ্গল/মৌলভীবাজার সদর
০২। সহকারী কমিশনার (ভূমি), কুলাউড়া/কমলগঞ্জ/রাজনগর/জুড়ী/শ্রীমঙ্গল/মৌলভীবাজার সদর
০৩। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার
০৪। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল) বড়লেখা, মৌলভীবাজার
০৫। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা/ উপজেলা সমাজসেবা/উপজেলা সমবায় অফিসার, বড়লেখা। (বিজ্ঞপ্তিটি সকল রেজিস্টার্ড মৎস্যজীবি সমবায় সমিতি সমূহের মধ্যে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৬। চেয়ারম্যান---------------------------------------ইউ/পি (সকল) বড়লেখা, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ...........................................(সকল) বড়লেখা, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৮। জনাব---------------------------------- সভাপতি/সম্পাদক, -------------------------------------------- সমবায় সমিতি লিঃ, -------------------------------------------
০৯। সম্পাদক, ------------------------------------------------------। (বিজ্ঞপ্তিটি স্থানীয় পত্রিকায় আগামী ০৬/০৭/২০২৪ খ্রি তারিখে পত্রিকাটির ভেতরের পাতায় একটি মাত্র সংখ্যায় প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৭/০৭/২৪

(নাঈমা নাদিয়া)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বড়লেখা, মৌলভীবাজার
মোবাইল: ০১৭৩০-৩৩১০৮৩

CamScanner